



বেইলি রোডে সপরিবারের মঞ্চনাটক উপভোগ প্রধানমন্ত্রীর



প্রধানমন্ত্রী তারেক রহমান স্ত্রী জুবাইদা রহমান ও কন্যা জাইমা রহমানসহ মহিলা মিলনায়তনে থাকা শিশুদের সঙ্গে ছবি তোলেন। সংগৃহীত

রাজধানীর বেইলি রোডের মহিলা সমিতি মিলনায়তনে পরিবারের সদস্যদের নিয়ে একটি শিশুতোষ নাটক উপভোগ করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

শনিবার (১১ এপ্রিল) সন্ধ্যায় নীলিমা ইব্রাহিম মিলনায়তনে মঞ্চস্থ হওয়া ‘কবি চিতাবাঘ’ নাটকটি তারা উপভোগ করেন। প্রধানমন্ত্রীর সঙ্গে ছিলেন তার স্ত্রী জুবাইদা রহমান ও মেয়ে জাইমা রহমান। বিষয়টি নিশ্চিত করেন প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান।

তিনি জানান, সন্ধ্যা সাতটার দিকে প্রধানমন্ত্রী পরিবারের সদস্যদের নিয়ে মিলনায়তনে পৌঁছান এবং পুরো আয়োজনটি বসে উপভোগ করেন। উপস্থিত দর্শকদের মধ্যেও বিষয়টি দ্রুত ছড়িয়ে পড়ে।

মিলনায়তনে অবস্থানকালে তিনি বলেন, প্রধানমন্ত্রী পরিবারের সদস্যদের নিয়ে নাটক দেখতে আসেন এবং শিশুদের পরিবেশনায় উৎসাহ যোগানোকেই এখানে গুরুত্ব দেওয়া হয়েছে। পরে তিনি শিশুশিল্পীদের সঙ্গে ছবি তোলেন বলেও জানান তিনি।

হঠাৎ সরকারপ্রধানের উপস্থিতিতে মিলনায়তনে থাকা দর্শক, বিশেষ করে শিশু ও অভিভাবকদের মধ্যে ভিন্ন রকম উচ্ছ্বাস তৈরি হয়। অনেকেই কাছ থেকে তাকে দেখে আনন্দ প্রকাশ করেন।

এর আগে ৩ এপ্রিল মেয়ে জাইমা রহমানকে সঙ্গে নিয়ে রাজধানীর ধানমন্ডির জিগাতলার একটি সিনেমা হলে যান প্রধানমন্ত্রী। সেদিন তারা একটি চলচ্চিত্র উপভোগ করেন।